২৫৯৪

তারিখ 07 DEC 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

# পরীক্ষার তারিখ পরিবর্তন

চট্টগ্রাম, ৬ ডিসেম্বর (ইউএনবি)।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে আগামী ৯ ও ১১ ডিসেম্বর অনুষ্ঠেয় বিভিন্ন বিষয়ের পরীক্ষার তারিখ অনিবার্যকারণে পরিবর্তন করা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ১৯৯৩ সালের তৃতীয় বর্ষ ডিগ্রী অনার্স, দর্শন, রাষ্ট্র বিজ্ঞান, গণিত, জীববিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা ৬ষ্ঠ পত্র এবং রসায়ন অষ্টম পত্রের পরীক্ষা ৯ ডিসেম্বরে পরিবর্তে ২০ জানুয়ারি অনুষ্ঠিত হবে।

৯ ও ১০ ডিসেম্বর অনুষ্ঠেয় সমাজ বিজ্ঞান বিভাগের এম এস এস (প্রিলিমিনারী) পরীক্ষা স্থগিত রাখা হয়েছে। তবে একই বিভাগের ৪র্থ ও পঞ্চমপত্রের পরীক্ষা ১৮ ডিসেম্বর অনুষ্ঠিত হবে।

ব্যবস্থাপনা বিভাগের ১৯৯৩ সালের এম কম (প্রিলিমিনারী) চতুর্থ পত্রের পরীক্ষা ১১ ডিসেম্বরের পরিবর্তে ১২ ডিসেম্বর অনুষ্ঠিত হবে।

জীব বিজ্ঞান বিভাগের এমএসসি (প্রিলিমিনারী) পরীক্ষা ১০ ডিসেম্বরের পরিবর্তে ১২ ডিসেম্বর অনুষ্ঠিত হবে।

পরীক্ষার নতুন সময়সূচী অনুযায়ী ১৯৯৪ সালের প্রথম বর্ষ অনার্স পরীক্ষা ৯ ডিসেম্বরের পরিবর্তে ১২ ডিসেম্বর অনুষ্ঠিত হবে।

## সিলেট

সিলেট থেকে ইউএনবি'র খবর ঃ সিলেট সায়েন্স ও টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের 'ক' ও 'খ' ইউনিটের প্রথম বর্ষ অনার্সের ভর্তি পরীক্ষা অনিবার্যকারণে ১২ ও ১৩ ডিসেম্বর অনুষ্ঠিত হবে না।

এসব পরীক্ষা যথাক্রমে ১৪ ও ১৫ ডিসেম্বর সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।